

‘আক্বীদাহ এবং মানহাজের মধ্যে কোন পার্থক্য আছে কি?

একজন মুছলমান জীবনের প্রতিটি ক্ষেত্রে যে নীতি বা পদ্ধতি অনুসরণ করে চলে, সেটাকেই মানহাজ বলে। তাই দেখা যায় যে, ‘আক্বীদাহ-বিশ্বাস, চাল-চলন, আচার-ব্যবহার, লেন-দেন ইত্যাদি; একজন মুছলমানের জীবনের সর্ব বিষয়ে সর্বক্ষেত্রেই রয়েছে মানহাজের উপস্থিতি। পক্ষান্তরে ‘আক্বীদাহ বলতে মৌলিক ঈমান বা বিশ্বাস এবং শাহাদাতাইনের অর্থ, দাবি ও চাহিদাকে বুঝায়। তাই ‘আক্বীদাহর চেয়ে মানহাজ হলো অনেক ব্যাপক ও সাধারণ একটি বিষয়।

সূত্র:- আল আজওয়িবাতুল মুফীদাহ ‘আন আছইলাতিল মানাহিজিল জাদীদাহ- লিশশাইখ ড. সালিহ ইবনু ফাওয়ান আল ফাওয়ান رحمته الله। প্রশ্ন নং- ৪৪ ।